অনুমতি ছাড়াই ফোনের ছবি সংগ্রহ, মেটাকে ১১ হাজার কোটি টাকা জরিমানা



ছবি: সংগৃহীত

ব্যবহারকারীদের স্পষ্ট সম্মতি ছাড়াই স্মার্টফোনের গ্যালারিতে থাকা ছবি ও ভিডিও সংগ্রহের অভিযোগে সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠান মেটাকে ৮৮৭ মিলিয়ন মার্কিন ডলার জরিমানা করেছে ইতালি। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ ১১ হাজার কোটি টাকার বেশি।

শনিবার (১৪ নভেম্বর) ইতালির তথ্য সুরক্ষা কর্তৃপক্ষ 'গারান্তে' এ সিদ্ধান্তের কথা জানায়। সংস্থাটির অভিযোগ, অ্যান্ড্রয়েড ফোনে থাকা ফেসবুক অ্যাপ ব্যবহারকারীদের সংরক্ষিত ছবি, ভিডিও এবং সেগুলোর মেটাডাটা অনুমতি ছাড়াই সংগ্রহ করেছে।

ফেসবুক ব্যবহারের সময় গ্যালারিতে থাকা ছবি ও ভিডিও পোস্ট করার পরামর্শ দেওয়ার জন্য চালু থাকা একটি ফিচারের মাধ্যমে এসব তথ্য নেওয়া হতো। গারান্তের মতে, এ কার্যক্রম ইউরোপীয় ইউনিয়নের ই-প্রাইভেসি নির্দেশনা এবং ইতালির প্রচলিত আইনের লঙ্ঘন।

কর্তৃপক্ষ জানায়, ছবি ব্যবহারের ক্ষেত্রে ফেসবুকের সম্মতি নেওয়ার পদ্ধতি যথেষ্ট স্পষ্ট ছিল না। ফলে ব্যবহারকারীরা ঠিক কী ধরনের অনুমতি দিচ্ছেন, তা বুঝতে পারতেন না। পাশাপাশি ছবি ও ভিডিও পরামর্শ দেওয়ার অপশনটি স্বয়ংক্রিয়ভাবে চালু রাখা হয়েছিল।

গারান্তের ধারণা, এ ঘটনায় ইতালির প্রায় দুই কোটি অ্যান্ড্রয়েড ব্যবহারকারী ক্ষতিগ্রস্ত হয়েছেন। জরিমানার অর্থ পরিশোধের পাশাপাশি বিষয়টি সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে মেটাকে নির্দেশ দেওয়া হয়েছে।

তবে সংগৃহীত ছবি ও ভিডিও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রশিক্ষণে ব্যবহার করা হয়েছে কি না, তা তদন্ত করেনি গারান্তে। মেটা এ ধরনের ব্যবহারের অভিযোগ অস্বীকার করেছে।

জরিমানার সিদ্ধান্ত নিয়ে মেটা এখনো আনুষ্ঠানিক কোনো মন্তব্য করেনি। তবে এ সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার সুযোগ রয়েছে প্রতিষ্ঠানটির।

সূত্র: আল জাজিরা